

## চবির বাজেটে সর্বোচ্চ বরাদ্দ বেতনভাতায়

চট্টগ্রাম ব্যুরো •  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২৯তম  
বার্ষিক সিনেট সভায় ২০১৭-১৮  
অর্থবছরে ২৯৫ কোটি ২০ লাখ  
টাকার বাজেট ঘোষণা করা হয়েছে।  
শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-  
ভাতায় সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছে।  
বরাদ্দ বাড়ানো হয়েছে শিক্ষা ও  
গবেষণা খাতেও। বিশ্ববিদ্যালয়  
প্রশাসনিক ভবনের সভাকক্ষে  
গতকাল শনিবার বেলা ১১টায়  
সিনেটসভা অনুষ্ঠিত হয়। সভায়  
২০১৭-১৮ অর্থবছরের বাজেট  
অনুমোদন দেওয়া হয়।  
বরাবরের মতো এবারও শিক্ষক-  
কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতায়  
সর্বোচ্চ ১৯১ কোটি ৮০ লাখ টাকা  
বরাদ্দ দেওয়া হয়েছে, যা মোট  
বাজেটের এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

## চবির বাজেটে সর্বোচ্চ বরাদ্দ

(৩ এর পৃষ্ঠার পর) শতকরা ৬৪.৯৭ ভাগ। তবে বাজেটে গত বছরের তুলনায়  
এবার শিক্ষা ও গবেষণা খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে। যেখানে এ খাতে গত বাজেটে  
বরাদ্দ ছিল মাত্র ৫০ লাখ টাকা, সেখানে এ বছর তা বাড়িয়ে ২ কোটি টাকা করা  
হয়েছে, যা মোট বাজেটের ০.৬৮ শতাংশ। বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের  
পক্ষ থেকে বরাদ্দ দেওয়া হয়েছে ২৭৪ কোটি ৭০ লাখ টাকা। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব  
আয় থেকে বরাদ্দ নেওয়া হয়েছে ২ কোটি ৫০ লাখ টাকা।  
বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের  
বেতন-ভাতা খাতে ব্যয় ধরা হয়েছে ১৯১ কোটি ৮০ লাখ টাকা। শিক্ষক, কর্মকর্তা ও  
কর্মচারীদের পেনশনভাতার ব্যয় ৫২ কোটি ৪৫ লাখ টাকা, শিক্ষা ও আনুষঙ্গিক খাতে  
ব্যয় ১৯ কোটি ৫১ লাখ টাকা, সরবরাহ ও সেবা (সাধারণ) খাতে ব্যয় ২১ কোটি ৫০  
লাখ টাকা, মেরামত, সংরক্ষণ ও পুনর্বািন খাতে ব্যয় ৩ কোটি ৩৪ লাখ টাকা, আর  
মূলধন মঞ্জুরি (সম্পদ সংগ্রহ ও ক্রয়) খাতে ব্যয় ধরা হয়েছে ৬ কোটি ৬০ লাখ টাকা।  
সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন  
চৌধুরী। সভাপতিত্ব করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল হুদা।  
সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আবদুল মান্নান বলেন, বিশ্ববিদ্যালয়  
গবেষণার একটি মৌলিক স্থান। দক্ষ জনশক্তি তৈরি করতে গবেষণা কাজকে আরও  
প্রসারিত করতে হবে। শুধু বিভাগ বাড়াতে বেশি বেশি ছাত্র ভর্তি করলে হবে না,  
শিক্ষার মান বাড়ানোর প্রতি নজর দিতে হবে। সভায় আরও উপস্থিত ছিলেন  
বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার, চট্টগ্রাম-৮ আসনের সংসদ  
সদস্য মঈনউদ্দীন খান বাদল, মহিলা সংসদ সদস্য ওয়াসিকা আয়শা খান, ডিন কমিটির  
আস্থায়িক অধ্যাপক ড. সিকান্দার চৌধুরী, সিনেট শিক্ষক প্রতিনিধি ও শাহজালাল হলের  
প্রভোস্ট অধ্যাপক সুলতান আহমদ, প্রফেসর সিরাজ উদ দৌলাহ প্রমুখ।